# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

তারিখ: ১৭/০২/২০২৬ খ্রি.

সূত্র: নাসিক/ওয়ার্ড নং-০২/১১৫

## সভার নোটিশ

**বিষয়: ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভায় যোগদান প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ২৩/০২/২০২৬ খ্রি. সকাল ১১.০০ ঘটিকায় ২নং ওয়ার্ড কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচীঃ-**

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২। অবকাঠামো নির্মান ও উন্নয়ণ প্রস্থাবনা প্রসঙ্গে।
৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।
৪। কর আদায় অগ্রগতি প্রসঙ্গে।
৫। বিবিধ।

শুভেচ্ছান্তে,

(মোঃ শাহাদাৎ হোসেন)
সভাপতি
২নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
ফুড এন্ড স্যানিটেশন অফিসার
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ০২নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সবার কার্যবিবরনী

সভাপতি : জনাব মোঃ শাহাদাৎ হোসেন
ফুড এন্ড স্যানিটেশন অফিসার
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

ওয়ার্ড নং : ০২

সভার তারিখ : ২৩/০২/২০২৬খ্রি.

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকায়

সভার স্থান : ০২নং ওয়ার্ড কার্যালয়।

### সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ফুড এন্ড স্যানিটেশন অফিসার জনাব মোঃ শাহাদাৎ হোসেন কমিটির সদস্য সচিব জনাব তানভীর হাসান তুহিন'কে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী-১: গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কামিটির সদস্য সচিব জনাব তানভীর হাসান তুহিন পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরনীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | ২নং ওয়ার্ড WLCC কমিটি। |

**আলোচ্যসূচী-২: অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে। | ২নং ওয়ার্ড WLCC'র সদস্য সচিব তানভীর হাসান তুহিন অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা উপস্থাপনের জন্য সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগণ যে সকল দাবী পেশ করেন; তা নিম্নরূপ:<br>১। তিতাস গ্যাস লাইন কান্দাপাড়া বাদশা মিয়া রোডের ড্রেন সহ রাস্তা নির্মান।<br>২। রহিম মার্কেট ওয়াবদা জোড়া ব্রিজের কাছে ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>৩। মিজমিজি সাহেবপাড়া পাড়া মালেক কাজির বাড়ি থেকে কাদির মিয়ার বাড়ী পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মান।<br>৪। মৌচাক বাস স্ট্যান্ড থেকে পশ্চিম দিকে সাহেব পাড়া সিটি কর্পোরেশনের সিমানা পর্যন্ত খাল পাড় ড্রেন ও সড়ক নির্মাণ।<br>৫। ০২ ওয়ার্ডের দক্ষিন পাড়া এবং পশ্চিম পাড়ায় কবরস্থান | ২নং ওয়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সুপারিশ জানিয়ে প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | নির্মাণ।<br>৬। মিজমিজি দক্ষিন পাড়া খালপাড় ব্রিজ থেকে দক্ষিন দিকে ওয়াপদা খাল হয়ে কোফিলের চায়ের দোকান পর্যন্ত রাস্তা সহ ড্রেন নির্মাণ।<br>৭। মিজমিজি বুকস্ গার্ডেন থেকে কাস্ট জনাব মজিবরের রাস্তা সহ ড্রেন নির্মাণ।<br>৮। মিজমিজি পশ্চিম পাড়া ঈদগাহ এর উত্তর পশ্চিম কোণ থেকে আব্দুল আলিমের বাড়ি পর্যন্ত রাস্তা সহ ড্রেন নির্মাণ।<br>৯। ধনুহাজী রাস্তা থেকে পশ্চিম দিকে ডিএনডি খাল পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>১০। মোদিনা মসজিদ থেকে টিসি রোড পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>১১। মিজমিজি দক্ষিন পাড়া হাইস্কুল থেকে ডিএনডি খালপাড় পর্যন্ত রাস্তা সহ ড্রেন নির্মাণ।<br>১২। দক্ষিন সাহেব পাড়া জাহাঙ্গীরের বাড়ী থেকে বায়তুল মোকাদ্দাস জামে মসজিদ পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ।<br>১৩। মিজমিজি টিসি রোড থেকে হাইওয়ে রোড হয়ে কাঠের পুল পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ। | | |

**আলোচ্যসূচী-৩: অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ২নং ওয়ার্ড WLCC এর সদস্য সচিব জনাব তানভীর হাসান তুহিন জানান যে, জনগনের নিকট সরকারি দপ্তরের জবাব দিহিতা নিশ্চিত করন, সেবার মানোন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রনয়ন করছে। যার প্রেক্ষিতে, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি, আভ্যন্তরীন সেবা বা নাগরিক অধিকার বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। এ সকল অভিযোগ নিষ্পত্তির জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জনাব হেমায়েত হোসেন, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা'কে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়'কে আপিল কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করছে। যার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে অনলাইনে নিদিষ্ট ফরমে অভিযোগ দাখিলের ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন। জনাব মোঃ হযরত আলী উপস্থিত সবাইকে যৌক্তিক অভিযোগ দাখিলের মাধ্যমে সেবার মানোন্নয়ন এবং উক্ত বিষয়টি প্রচারের জন্য মাইকিং করার অনুরোধ জানান। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এ কার্যক্রম গ্রহনের জন্য উপস্থিত সকল সদস্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং প্রত্যেকে স্ব-স্ব অবস্থান হতে সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ ও অভিযোগ জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২নং ওয়ার্ড WLCC কমিটি। |

CamScanner

**আলোচ্যসূচী-৪: কর আদায় অগ্রগতি প্রসঙ্গে।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায় অগ্রগতি প্রসঙ্গে। | WLCC'র সদস্য সচিব জনাব তানভীর হাসান তুহিন সভাকে অবহিত করেন যে, আমাদের এই ওয়ার্ডে মোট ৩৬.৫৪% পৌরকর আদায় হয়েছে। বিদেশী প্রকল্পের অন্যতম শর্ত হলো নূন্যতম ৮০% পৌরকর আদায় করা। এ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে প্রকল্প সহায়তা কমে যাবে, যার ফলে সিটি কর্পোরেশনসহ সকল নাগরিক ক্ষতিগ্রস্থ হবে। তিনি উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের অনুরোধ জানান। | (ক) পৌরকর আদায়ের জন্য ওয়ার্ড ভিত্তিক ক্যাম্পিং করার সুপারিশ গৃহীত হয়।<br>(খ) উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৫: বিবিধ।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিবিধ। | WLCC'র সদস্য জনাব মীম আক্তার সভাকে বলেন যে, ২নং ওয়ার্ড এলাকার প্রধান প্রধান সড়কগুলোর বৈদ্যুতিক বাতির ব্যবস্থা ভালো না। তাছাড়া যা কয়েকটা ল্যাম্পপোষ্ট আছে সেগুলিতে বাতির স্বল্পতা। এজন্য এলাকায় চুরি ছিনতাই বেড়েই চলেছে। তাই তিনি এলাকার প্রধান প্রধান সড়কে আরও বৈদ্যুতিক বাতি স্থাপন ও পূনঃস্থাপনের জন্য অনুরোধ করেন। | প্রধান প্রধান সড়কে বৈদ্যুতিক বাতি স্থাপনের প্রস্তাব সভায় গৃহীত হয়। | ২নং ওয়ার্ড WLCC কমিটি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ শাহাদাৎ হোসেন)
সভাপতি
২নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
ফুড এন্ড স্যানিটেশন অফিসার
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# পরিশিষ্ট "ক"

## ০২ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরা।

তারিখ:

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ শাহাদাৎ হোসেন | সভাপতি | 01827-617786 | |
| ০২ | জনাব মোঃ মহিউদ্দিন | সদস্য | 01721-179180 | |
| ০৩ | জনাব মোঃ সোলাইমান পলাশ | সদস্য | 01710-073651 | |
| ০৪ | জনাব মোঃ মামুনুর রশীদ | সদস্য | 01912-982593 | |
| ০৫ | জনাব ছনিয়া আক্তার | সদস্য | 01889-699938 | |
| ০৬ | জনাব মীম আক্তার | সদস্য | 01516-062006 | |
| ০৭ | জনাব হুমায়ারা ইয়াছমিন | সদস্য | 01852-550983 | |
| ০৮ | জনাব আশা আক্তার | সদস্য | 01929-369481 | |
| ০৯ | জনাব মোঃ মোক্তার হোসেন | সদস্য | 01715-866742 | |
| ১০ | জনাব মোঃ আতাউর | সদস্য | 01681-801923 | |

CamScanner

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১ | জনাব মোঃ কামাল হোসেন | সদস্য | 01914-373740 | Kamal |
| ১২ | জনাব মোঃ জহিরুল ইসলাম | সদস্য | 01939-342314 | Zohirul |
| ১৩ | জনাব মনি আক্তার | সদস্য | 01944-525704 | মনি |
| ১৪ | জনাব মোসাঃ হাসিনা আক্তার ডলি | সদস্য | 01937-029512 | |
| ১৫ | জনাব মোঃ খলিলুর রহমান | সদস্য | 01670-978518 | খলিলুর রহমান |
| ১৬ | জনাব মোঃ রুহুল আমিন | সদস্য | 01618-705040 | Ruhul |
| ১৭ | জনাব মোঃ ইসমাইল হোসেন | সদস্য | 01822-817535 | |
| ১৮ | জনাব তানভীর হাসান তুহিন | সদস্য সচিব | 01953-995084 | তুহিন |

CamScanner